গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.১৮২.১৫- ৭৫৮২/১(৫) তারিখ: ৩০/৩/১৪২১ / ১৪/৭/২০১

বিষয় : আসন্ন বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে ওয়াটার রেসকিউ টীম গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ওয়াটার রেসকিউ টীম গঠন করা হয়েছে। গঠিত ওয়াটার রেসকিউ টীমের তথ্যাদি এবং বিভাগীয় নির্দেশনাবলী সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত- ০১ (এক) পাতা।

লেঃ কর্ণেল সিদ্দিক মোহাম্মদ জুলফিকার রহমান
বিএসপি, পিএসসি, ইঞ্জিনিয়ার্স
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন-৯৫৫৮৮৮০

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা

বিতরণ:
অবগতি:

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। পরিচালক(প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ)/(অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.৯৯.০০১.১৯- ৭৭০২(৮০) তারিখঃ ৩১/৩/১৪২৮বঃ / ১৫/৭/২০১৯খ্রিঃ

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী বিভাগীয় নির্দেশনাবলী বাস্তবায়নের লক্ষে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
৪. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। পত্রটি ফ্যাক্সযোগে প্রেরণ ও টেলিফোনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হলো।
৭. এ অধিদপ্তরের গার্ড/মাষ্টার গার্ড ফাইল।

সংযুক্তঃ ১(এক) পাতা।

D:\Humayun 1\OPERATION SECTION-2\General Latter Nikhos Part 1.Docx

মামুন মাহমুদ
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\fire\Admin\Admin section\Office Order.doc

আসন্ন বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থাদি:

গঠিত ওয়াটার রেসকিউওয়ার টীমের লোকবল:

ক্রমিক নং-	বিভাগ	টীমের সংখ্যা	কর্মকর্তার সংখ্যা	কর্মচারীর সংখ্যা	সাজ-সরঞ্জামের সংখ্যা
১।	ঢাকা	১৩ টি	১৩ জন	৬৫ জন	১৩ সেট
২।	চট্টগ্রাম	১১ টি	১১ জন	৫৫ জন	১১ সেট
৩।	রাজশাহী	০৯টি	০৯ জন	৪৯ জন	০৯ সেট
৪।	বরিশাল	০৬ টি	০৬ জন	৩৪ জন	০৬ সেট
৫।	ময়মনসিংহ	০৫ টি	০৫ জন	৩১ জন	০৫ সেট
৬।	সিলেট	০৪ টি	০৪ জন	৩১ জন	০৪ সেট
৭।	খুলনা	১১ টি	১১ জন	৫৫ জন	১১ সেট
৮।	রংপুর	০৮ টি	০৮ জন	৪০ জন	০৮ সেট
	মোট=	৬৭ টি	৬৭ জন	৩৬০ জন	৬৭ সেট

ওয়াটার রেসকিউওয়ার টীমের সরঞ্জামাদি:

ক)	ওয়াটার রেসকিউ গাড়ি	ঝ)	করাত (বড়)	থ)	লাইফ বয়া
খ)	লাইফ জ্যাকেট	ঞ)	কার্টার/এক্স	দ)	হ্যান্ড গ্লোবস
গ)	ওয়াটার বাইক	ট)	দা	ধ)	রশি
ঘ)	জেমিনি বোট	ঠ)	স্পেডার	ন)	চেইন 'স'
ঙ)	থ্রো ব্যাগ	ড)	স্ট্রেচার	প)	হ্যান্ড 'স'
চ)	মেগাফোন/হ্যান্ড মাইক	ঢ)	টর্চ লাইট	ফ)	বেলচা/কোদাল/বস্তা
ছ)	ফাস্ট এইড বক্স	ণ)	লাইটযুক্ত হেলমেট	ব)	দেশীয় নৌকা ভাড়া করে প্রস্তুত রাখতে হবে।
জ)	এ্যাম্বুলেন্স	ত)	জেনারেটর (ইলেকট্রিক ক্যাবল ও ট্রাইপড সহ)	ভ)	সরঞ্জামাদিসহ ডুবুরি টীম প্রস্তুত রাখতে হবে।

বিভাগীয় নির্দেশনাবলী:

ক) স্থানীয় প্রশাসন/উপজেলা প্রশাসন, নৌ পুলিশ, কোষ্টগাড, BIWTA এর সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করে দায়িত্ব পালন করতে হবে।

খ) বন্যা ও জলাবদ্ধতার কারণে দুর্ভোগ সৃষ্টি হলে জনগণকে নিরাপদ স্থানে সরিয়ে আনার ব্যবস্থা নিতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে দেশীয় নৌকা ভাড়া করে কাজ করতে হবে। এ জন্য পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে (কোথায় কোথায় নৌকা, বোট, ট্রলার পাওয়া যায়, তাদের নাম ও মোবাইল নম্বর সংগ্রহ করে রাখতে হবে)।

গ) বন্যার পানির প্রবল স্রোতে ব্রিজ, কালভার্ট, রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হলে স্থানীয় প্রশাসনকে সংস্কার ও মেরামত কাজে সহযোগিতা প্রদান করতে হবে।

ঘ) বন্যা ও অতিবর্ষণ জনিত স্রোতের কারণে মানুষ ও নৌকা/ইঞ্জিন চালিত ট্রলার/লঞ্চ ডুবে গেলে তাৎক্ষনিকভাবে হতাহতদের উদ্ধারের ব্যবস্থা নিতে হবে।

ঙ) অতিবর্ষণ, ভারী বর্ষণ এবং ঘূর্ণিঝড়ের আগাম সতর্ক বার্তা পাওয়া গেলে পাহাড়ে ঢালে ও পাহাড়ের ওপরে বসবাসকারী, সমুদ্র উপকুলবর্তী ও নিচু অঞ্চলের লোকজনের সরকারি আশ্রয় কেন্দ্র/নিরাপদ স্থানে সরে আসার জন্য মাইকিং করে/হ্যান্ডমাইকে প্রচারণা চালাতে হবে।

চ) নদীতে নিখোঁজ ব্যক্তিদের সার্চ করার জন্য ওয়াটার বাইক ব্যবহার করতে হবে।

ছ) যে কোন দুর্যোগ মোকাবেলায় স্থানীয় ভলান্টিয়ার নিয়োজিত করতে হবে ও তাদের সাথে যোগাযোগ রাখতে হবে।

জ) অতিবর্ষণে রাস্তার ওপর গাছপালা, অবকাঠামো/অন্যান্য স্থাপনা পড়ে জনজীবন ও যানচলাচল ব্যাহত হলে তা পরিষ্কার করে জনদুর্ভোগ লাঘব করতে হবে।

ঝ) অতিবর্ষণ জনিত কারণে শহরাঞ্চলে/মহানগর এলাকায় জলাবদ্ধতায় যোগাযোগ বিঘ্নিত হলে জেমিটিবোট/রেসকিউ ফাইবার বোট দিয়ে স্কুল ছাত্র/ছাত্রী, শিশু ও বয়স্কদের যাতায়ত/পারাপারে সহযোগিতা করতে হবে।

ঞ) দুর্যোগ পরবর্তী ত্রাণ বিতরণ কাজে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা করতে হবে।

ট) স্থানীয় ইলেকট্রিক ও প্রিন্ট মিডিয়ার সাথে যোগাযোগ রাখতে হবে।

ঠ) দুর্যোগপূর্ণ এলাকা অনুযায়ী অন্যান্য টীমের সাথে ডুবুরী টীম মোতায়েন নিশ্চিত করতে হবে।

ড) দুর্যোগপূর্ণ এলাকায় জরুরি প্রয়োজনে অন্যান্য সংস্থা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় সাধনের লক্ষ্যে জেলায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত ছুটি বাতিল করা হয়েছে।